



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



একাউন্টিং অ্যালামনাই রিইউনিয়ন-২০২৩ অনুষ্ঠিত



২৪ ফেব্রুয়ারি ২০২৩-শুক্রবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় একাউন্টিং অ্যালামনাই রিইউনিয়ন-২০২৩ উপলক্ষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পুনর্মিলনী উৎসব অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা জনাব আসাদুজ্জামান খান কামাল এমপি।

একাউন্টিং অ্যালামনাই অ্যাসোসিয়েশন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সভাপতি জনাব কামরুল হাসান রিপনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ও বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের চেয়ারম্যান অধ্যাপক ড. মেসবাহউদ্দিন আহমেদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ গোলাম মোস্তফা এবং একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস্ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক শফিকুল ইসলাম।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



অনুষ্ঠানটির সঞ্চালনার দায়িত্বে ছিলেন একাউন্টিং অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক এন আই আহমেদ সৈকত।

এসময় একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস্ বিভাগের শিক্ষকবৃন্দ, এলামনাইবৃন্দ এবং বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. মোস্তফা কামাল সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।